দৈনিক বাংলা

তারিখ 11 SEP 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

# নয়া ভর্তি ব্যবস্থা ঃ স্বার্থান্বেষীদের বক্তব্যে বিভ্রান্ত না হবার আহবান

সরকার চলতি বছর থেকে কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ব-বিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা ছাড়াই এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তিচ্ছু প্রার্থীদের ভর্তি করার সিদ্ধান্ত নিয়েছে।

ভর্তি পরীক্ষার নামে অভিভাবক ও শিক্ষার্থীদের হয়রানি, তাদের কাছ থেকে বিপুল অংকের ভর্তি ফিস ও ভর্তি ফরমের মূল্য আদায়, ভর্তির জন্য ব্যবসায়িকভিত্তিক শিক্ষাদানের নামে বিপুল

(৮–এর পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## নয়া ভর্তি ব্যবস্থা

(প্রথম পৃষ্ঠার পর)

অর্থ উপার্জন করার প্রবৃত্তির হাত থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকদের রক্ষা ও তাদের আর্থিক ও মানসিক চাপ এবং মেধাবী শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে অনিশ্চয়তাজনিত সমস্যা নিরসন করতেই সরকার ভর্তি সংক্রান্ত এ সিদ্ধান্ত গ্রহণ করেছে। সরকারের সঙ্গে ইতিপূর্বে বিশ্ব-বিদ্যালয় মঞ্জুরি কমিশন, বিশ্ব-বিদ্যালয়-সমূহের ভাইস চ্যান্সেলরগণ, সরকারী ও বেসরকারী কলেজের অধ্যক্ষগণ এবং কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সাম্প্রতিক এক বৈঠকে এ সিঅান্ত গৃহীত হয়। খবর তথ্য বিবরণীর।

তাছাড়া, বিগত দু'বছর যাবত বিভিন্ন পরীক্ষায় উত্তরপত্র কোচিং ও ফলাফল প্রক্রিয়াকরণ কম্পিউটারাইজড করায় অধিকতর বস্তুনিষ্ঠভাবে ফলাফল প্রকাশ করা হচ্ছে। সরকার ইতিপূর্বে পাবলিক পরীক্ষা (যেমন এসএসসি ও এইচএসসি) ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত ও রন্তুনিষ্ঠ করার জন্য পরীক্ষা ব্যবস্থাপনায় ব্যাপক পরিবর্তন সাধন করেছে।

সরকারের এই সিদ্ধান্ত ইতিমধ্যে বিভিন্ন পত্রপত্রিকা ও অভিভাবকবৃন্দের দ্বারা বিপুলভাবে অভিনন্দিত হয়েছে। সরকার আশা করে, ভর্তি সংক্রান্ত কোন স্বার্থান্বেষী মহলের বক্তব্যে শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ বিভ্রান্ত হবেন না।